গাংনীতে রুপালী ব্যাংকের ৫৭৪ শাখা উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ব্যাংকিং সেবায় যুক্ত হলো আরও একটি রাষ্টীয় ব্যাংক রুপালী ব্যাংক লিমিটেড এর কার্যক্রম । বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন পূরণে জন্মশতবার্ষিকীর বছরে জনসেবায় নিবেদিত একটি লাল সবুজ ব্যাংক, রূপালী ব্যাংক লিমিটেড এর ৫৭৪ তম শাখা মেহেরপুর জেলার গাংনীতে উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ১১ ঘটিকার সময় গাংনী বাজারের শফি টাওয়ােও দ্বিতীয় তলায় রূপালী ব্যাংক লিমিটেডের গাংনী শাখার উদ্বোধন ঘোষণা করা হয়েছে। রূপালী ব্যাংক লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও ওবায়েদ উল্লাহ আল মাসুদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রূপালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ চেয়ারম্যান মনজুর হোসেন এমপি।

এছাড়াও অনলাইন জুম মিটিং এ যুক্ত হয়েছিলেন ডিএমডি জাহাঙ্গীর আলম, খন্দকার আতাউর রহমান, অরুন পাল, জিএম গোলাম মর্তুজা, শচীন্দ্রনাথ সমাদ্দার, ডিজিএম তাজউদ্দীন মাহমুদ, হাবিবুর রহমান, শাখা ব্যবস্থাপক আবুল কালাম আজাদ, পিও, আইসিটি অপারেশনস আব্দুল্লাহ মুহাম্মদ, আবু জাহিদ।

অনলাইন জুম মিটিং শেষে উপস্থিত সকলের সামনে রূপালী ব্যাংকের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েছে বক্তব্য রাখেন, খুলনা বিভাগীয় কার্যালয় রূপালী ব্যাংক লিমিটেডের মহা ব্যবস্থাপক শচীন্দ্রনাথ সমাদ্দার। তিনি ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে গাংনীর শাখার উদ্বোধন করেন।

এ সময় গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বজলুর রহমান বুলুসহ গাংনী বাজারের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ অংশে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উত্তম গ্রাহক সেবা ও আকর্ষনীয় বিভিন্ন সুবিধার অঙ্গীকার নিয়ে এবং সকল খণের ক্ষেত্রে ৯% সুদ হার এর নিশ্চয়তা দিয়ে একঝাঁক মেধাবী, চৌকশ ও ডেডিকেটেড অফিসার নিয়ে শাখা ম্যানেজার সিনিয়র প্রিন্সিপাল অফিসার আবুল কালাম আজাদ এর দক্ষ পরিচালনায় গাংনীর মানুষ কে সবোর্চচ সেবার প্রতিশ্রুতিতে শুভ উদ্বোধন করা হলো

রুপালী ব্যাংক গাংনী শাখার কার্যক্রম ।